সংবাদ

তারিখ 18 APR 2017
পৃষ্ঠা ৫ কলাম ৬

ড. মাসুম বিল্লাহ ডিএন কারিগরি কলেজ

# অধ্যক্ষের ব্যবহারিক পরীক্ষা বাণিজ্য!

প্রতিনিধি, শরণখোলা (বাগেরহাট)

বাগেরহাটের শরণখোলায় এইচএসসি পরীক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষায় পাস করানোর প্রলোভন দেখিয়ে হাজার হাজার টাকা হাতানোর অভিযোগ উঠেছে ড. মাসুম বিল্লাহ ডিএন কারিগরি কলেজের (ভারপ্রাপ্ত) অধ্যক্ষের বিরুদ্ধে। ওই অধ্যক্ষ ড. মাসুম বিল্লাহ ডিএন কারিগরি কলেজের পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাও। শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের সূত্র জানায়, গত ২ এপ্রিল থেকে এইচএসসি পরীক্ষা শুরু হলে উপজেলার রাজৈর এলাকায় অবস্থিত কহিনুর হক বিএম কলেজ ও ধানসাগর নলবুনিয়া ডিএন কারিগরি কলেজের তিন শতাধিক পরীক্ষার্থী ওই কেন্দ্রে অংশ নেয়। এ সুযোগ কাজে লাগিয়ে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনিরুজ্জামান বাবুল ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ না করে পাস করিয়ে দেয়ার প্রলোভন দেখিয়ে ৩০০ থেকে ৬০০ টাকা করে জনপ্রতি আদায়ের নামে অর্থ বাণিজ্য শুরু করেন। সে অনুযায়ী ওই কলেজের হিসাব রক্ষক (ক্লার্ক) কবিতা রানী মিস্ত্রী অধ্যক্ষের নির্দেশক্রমে প্রত্যেকের নিকট থেকে হাজার হাজার টাকা আদায় করে নেন। অপরদিকে, পরীক্ষার্থীদের জিম্মি করে অধ্যক্ষের এমন অনৈতিক বাণিজ্যের ঘটনায় অভিভাবক মহলে ক্ষোভের সৃষ্টি হয়েছে। পরিচয় গোপন রাখার শর্তে ডিএন কারিগরি কলেজের এক শিক্ষক বলেন, ব্যবহারিক পরীক্ষার খরচের টাকা ফরম পূরণের সময় শিক্ষার্থীদের নিকট থেকে নেয়া হয়েছে। এছাড়া বোর্ড ফি ৫৪৫ টাকার স্থলে ৩০০০ থেকে ৩৫০০ টাকা করে আদায় করেছে কলেজ কর্তৃপক্ষ। তার পরেও ব্যবহারিক পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের জিম্মি করে ৩০০ থেকে ৬০০ টাকা করে হাজার হাজার, হাতিয়ে নেয়ার বিষয়টি সম্পূর্ণ বেআইনী। কয়েকজন পরীক্ষার্থী ও ওই কেন্দ্রের হল সচিব বিশ্বনাথ কুন্ডু এবং ক্লার্ক কবিতা রানী পরীক্ষার্থীদের নিকট জানতে চাইলে তারা বলেন, অধ্যক্ষের নির্দেশে টাকা আদায় করা হয়েছে।

তবে, ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনিরুজ্জামান বাবুল অর্থ বাণিজ্যের বিষয়টি সঠিক নয় বলে দাবি করেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ নুরুজ্জামান খান জানান, ব্যবহারিক পরীক্ষার নামে টাকা আদায়ের কোন নিয়ম নেই। এর পরেও কাউকে জিম্মি করে টাকা হাতিয়ে থাকলে অভিযুক্তদের বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর